দৈনিক বাংলা

তারিখ ... 24|12|83 ...
পৃষ্ঠা ... 12 কলাম ... 1 ...

005



# আজ খান বাহাদুর আহসানউল্লার জন্মবার্ষিকী

॥ স্টাফ রিপোর্টার ॥

আজ শনিবার বিশিষ্ট শিক্ষাবিদ, প্রখ্যাত সাহিত্যিক ও সমাজসেবী খান বাহাদুর আহসানউল্লার জন্মবার্ষিকী। আজ থেকে ১১০ বছর আগে খুলনার সাতক্ষীরা মহকুমার নলতা গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে তিনি জন্মগ্রহণ করেন।

১৮৯৫ সালে কৃতিত্বের সঙ্গে এমএ পাস করার পর সরকারী স্কুলে শিক্ষকতার মাধ্যমে তাঁর চাকরি জীবন শুরু হয়। পরবর্তীতে তিনি শিক্ষা বিভাগের পরিচালক পদে অধিষ্ঠিত হন। এই সময় তিনি মুসলমানদের শিক্ষা-দীক্ষার উন্নতি সাধন করেন এবং স্কুল-কলেজ, মক্তব-মাদ্রাসা, ছাত্রাবাস প্রভৃতি প্রতিষ্ঠা করেন।

খান বাহাদুর আহসানউল্লাহ ইসলামের আদর্শ ও তত্ত্বের উপর বহু গ্রন্থ রচনা করেন। তাঁর রচিত গ্রন্থের সংখ্যা ৭৭টি।

আজ সকাল ১০টায় তোপখানা রোডস্থ ইসলামী সাংস্কৃতিক কেন্দ্রে খান বাহাদুর আহসানউল্লাহর জন্মবার্ষিকী উপলক্ষে এক আলোচনা সভা হবে। আলোচনা সভায় প্রধান অতিথি থাকবেন প্রফেসর মনসুরউদ্দীন। ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক জনাব মুহম্মদ ইয়াহিয়া এতে সভাপতিত্ব করবেন।

ইসলামিক ফাউন্ডেশন ও ঢাকাস্থ আহসানিয়া মিশন যৌথভাবে আলোচনা সভার আয়োজন করেছে।